(গ) 76.01 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code "7601.20.90" এর পরিবর্তে H.S. Code "7601.20.00" প্রতিস্থাপিত হইবে;

(২) TABLE-II এর কলাম (1) এ উল্লিখিত Heading 84.07 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code "8407.32.90" এবং তদবিপরীতে কলাম (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহ "Engine in CKD condition" এর পরিবর্তে "Engine" প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১২০-আইন/২০২৩/১৬৪/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ইলেকট্রিক সুইচ/সকেট/ল্যাম্প হোল্ডার/ডিমার/প্লাগ স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে, উক্ত Act এর First Schedule ভুক্ত নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) তে উল্লিখিত H.S. Code এবং কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫% (পাঁচ শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, সমুদয় রেগুলেটরি ডিউটি, সম্পূরক শুল্ক, যদি থাকে, এবং সমুদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
39.03	3903.20.00	San Resin
	3903.30.90	ABS Resion
39.07	3907.40.90	Poly Carbonate
	3907.99.90	Bulk Moulding Compound
	3907.99.90	PBT Compound
39.08	3908.10.00	Polyiamide/ Nylon-6/Nylon-66
39.09	3909.10.00	Urea Resin
	3909.40.90	Phenolic Moulding Compound
72.11	7211.19.90	MS Sheet
74.09	7409.21.10	Brass Sheet
	7409.31.10	Copper Sheet, Bronze Sheet
85.33	8533.40.00	Potentiometer
85.38	8538.90.10	Switch & Socket Indicator Light

শর্তসমুহ

(১) সংশ্লিষ্ট আমদানিকারককে Industrial IRC holder VAT compliant ইলেকট্রিক সুইচ/সকেট/ল্যাম্প হোল্ডার/ডিমার/প্লাগ উৎপাদনকারী (Manufacturer) শিল্প প্রতিষ্ঠান হইতে হইবে।

ব্যাখ্যা-

(ক) "Industrial IRC holder" অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(খ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত এবং নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(গ) "ইলেকট্রিক সুইচ/সকেট/ল্যাম্প হোল্ডার/ডিমার/প্লাগ উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান" অর্থ মূল্য সংযোজন কর নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত কাঁচামাল দ্বারা ইলেকট্রিক সুইচ/সকেট/ল্যাম্প হোল্ডার/ডিমার/প্লাগ এর কমপক্ষে নিম্নবর্ণিত ০২ (দুই) টি উপাদান (Components) উৎপাদন করে; যথা:-

(i) Brass/Copper/Bronze rod or wire

(ii) Screw।

(২) ইলেকট্রিক সুইচ/সকেট/ল্যাম্প হোল্ডার/ডিমার/প্লাগ উৎপাদনকারী প্রতিষ্ঠানে অবশ্যই নিম্নবর্ণিত মেশিনারিজ বা প্লান্ট স্থাপিত থাকিতে হইবে, যথা:-

(i) Injection moulding machine

(ii) Metal furnace

(iii) Screw making machine

(iv) Stamping machine

(v) Testing facilities।

(৩) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।

(৪) ইলেকট্রিক সুইচ/সকেট/ল্যাম্প হোল্ডার/ডিমার/প্লাগ শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় কাঁচামাল বা যন্ত্রাংশ আমদানির অনুমোদনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর আবেদন করিতে হইবে। উক্ত আবেদন বিবেচনার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড এর দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা এবং শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি আবেদনকারী প্রতিষ্ঠান সরেজমিন যাচাইপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর **"পরিশিষ্ট-১"** অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের কারখানা স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে। উক্ত অনুমোদনপত্রের ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

(৫) সুইচ/সকেট/ল্যাম্প হোল্ডার/ডিমার/প্লাগ উৎপাদনকারী কর্তৃক প্রতি একক সুইচ/সকেট/ল্যাম্প হোল্ডার/ডিমার/প্লাগ এর যন্ত্র বা যন্ত্রাংশ উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কী কী উপকরণ কী পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য "**পরিশিষ্ট-২**" অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বে সংশ্লিষ্ট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন। **পরিশিষ্ট-২** এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

(৬) (ক) আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সহ শর্ত (১), (২), (৩) ও (৪) পরিপালন করা হইয়াছে কিনা তাহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই করিয়া নিশ্চিত হইতে হইবে এবং শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করাইতে হইবে;

(খ) শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার শুল্কায়নে বিলম্ব পরিহারের লক্ষ্যে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেম বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইট বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইট হইতে মূসক নিবন্ধন সনদের (BIN) সঠিকতা যাচাই করিবেন।

(৭) কোনো উৎপাদনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে Customs Act, 1969 এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইনের বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

পরিশিষ্ট-১
[শর্ত (৪) দ্রষ্টব্য]
কারখানা পরিদর্শন প্রতিবেদন

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত ------------খ্রি তারিখ------------------- নামীয় সুইচ/সকেট/ল্যাম্প হোল্ডার/ডিমার/প্লাগ উৎপাদনকারী শিল্প কারখানা সরেজমিনে পরিদর্শন করি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ, যথা:-

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :

৩। মালিক/স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা (বর্তমান/স্থায়ী) :

৪। আয়কর সনদ নম্বর (TIN) :

৫। জমি ও ভবনের বিবরণ :

(ক) জমি ও ভবন নিজস্ব কিনা :

(খ) মোট জমির পরিমাণ :

(গ) কারখানা ভবনের (ওয়্যারহাউসসহ) আয়তন:

(ঘ) কারখানা ভবনের প্রকৃতি : (পাকা/সেমি পাকা/অন্যান্য) :

(ঙ) অফিস ভবনের আয়তন :

(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা :

৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপি:

৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ :

৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যের বিবরণ :

৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে সুইচ/সকেট/ল্যাম্প হোল্ডার/ডিমার/প্লাগ উৎপাদনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন এস.আর.ও. নং **১২০-আইন/২০২৩ /১৬৪/কাস্টমস, তারিখ: ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ** এর আওতায় প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য/যন্ত্রাংশ/উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল এবং প্রতিষ্ঠানটিকে এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, সুইচ/সকেট/ল্যাম্প হোল্ডার/ডিমার/প্লাগ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্ত করা হইল।

সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার নাম ও স্বাক্ষর তারিখ:	শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির নাম ও স্বাক্ষর তারিখ:	জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধির নাম ও স্বাক্ষর তারিখ:

পরিশিষ্ট-২

[শর্ত (৫) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

সুইচ/সকেট/ল্যাম্প হোল্ডার/ডিমার/প্লাগ তৈরীর উপকরণ/কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:

২। ঠিকানা:

৩। মূসক নিবন্ধন নম্বর:

ক্রঃ নং	পণ্যের নাম ও H.S. Code	একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ এর নাম (H.S. Code সহ)	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয়ের শতকরা হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ

সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার প্রতিস্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম

সিনিয়র সচিব।